

# বণিক বার্তা

নভেম্বর ১৩, ২০১৮

## শিক্ষার্থীদের সঙ্গে করপোরেট সংযোগ স্থাপনে ক্যারিয়ার ফেয়ার

কেউ এসেছেন চাকরির জন্য সিঁড়ি হাতে, কেউ আবার স্টলে স্টলে ঘুরে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের চাকরি বিষয়ে তথ্য সংগ্রহ করছেন। আর বিভিন্ন প্রতিষ্ঠানের কর্মকর্তারা ব্যস্ত শিক্ষার্থীদের চাকরিসংক্রান্ত তথ্য দিতে। গতকাল এমন চিত্র দেখা গেছে রাজধানীর মহাখালীতে অবস্থিত ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের অডিটরিয়ামে অনুষ্ঠিত ব্র্যাক ইউনিভার্সিটি ক্যারিয়ার ফেয়ার-২০১৮ এ। ‘ক্যাম্পাস টু করপোরেট’ শিরোনামে দুই দিনব্যাপী এ ক্যারিয়ার ফেয়ারের আয়োজন করেছে ব্র্যাক ইউনিভার্সিটির অফিস অব ক্যারিয়ার সার্ভিসেস অ্যান্ড অ্যালামনাই রিলেশনস (ওসিএসএআর)। ক্যারিয়ার ফেয়ারের অন্যতম মিডিয়া পার্টনার বণিক বার্তা।

ক্যারিয়ার ফেয়ারের উদ্দেশ্য সদ্য স্নাতক সম্পন্ন শিক্ষার্থী ও অ্যালামনাইদের সঙ্গে করপোরেটদের সংযোগ স্থাপনের মাধ্যমে নিয়োগ প্রক্রিয়া ত্বরান্বিত করা এবং ভবিষ্যৎ কর্মক্ষেত্রে প্রতিবন্ধকতা দূর করা। এবারের মেলায় ৩৫টি স্বনামধন্য প্রতিষ্ঠান অংশ নিয়েছে। এসব প্রতিষ্ঠানের স্টল থেকে শিক্ষার্থীরা সংশ্লিষ্ট প্রতিষ্ঠানগুলোয় চাকরিসংক্রান্ত বিস্তারিত তথ্য জানতে পারছে।

মেলা ঘুরে দেখা যায়, ক্যারিয়ার ফেয়ারে আর্থিক প্রতিষ্ঠান লংকাবাংলা ফিন্যান্স, ইস্টার্ন ব্যাংক, ব্র্যাক, বিকাশ, এপেক্স, বাটা, বাংলালিংক, ব্রিটিশ আমেরিকান ট্যেবাকো, রিজেন্ট এয়ারওয়েজ, পাঠাও, ওষুধ উৎপাদনকারী প্রতিষ্ঠান একমি, এসিআই, রেনাটাসহ করপোরেট সেক্টরের নামকরা সব প্রতিষ্ঠানের স্টল রয়েছে।

